# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বাংলা দ্বিতীয় পত্র

রচনামূলক প্রশ্ন

সময় — ২ ঘন্টা    পূর্ণমান — ৫০    বিষয় কোড: | ১ | ০ | ২ |

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১. **যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা করো:** ৫

(ক) ইন্টারনেট

(খ) একুশের বইমেলা

২. (ক) তোমার দেখা একটি বিজ্ঞান মেলার বর্ণনা দিয়ে বন্ধু/বান্ধবীকে একটি চিঠি লেখো। ৫

অথবা, (খ) তোমার এলাকায় বিদ্যুৎ বিভ্রাটের আশু প্রতিকার চেয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র লেখো।

৩. **যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:** ১০

(ক) **সারাংশ লেখ:**

তুমি জীবনকে সার্থক-সুন্দর করিতে চাও? ভালো কথা। কিন্তু সেজন্যে তোমাকে প্রাণান্ত পরিশ্রম করিতে হইবে। সব তুচ্ছ করিয়া যদি তুমি লক্ষ্যের দিকে ক্রমাগত অগ্রসর হইতে পার, তবে তোমার জীবন সুন্দর হইবে। আরও আছে। তোমার ভিতর এক 'আমি' আছে যে বড় দুরন্ত। তাহার স্বভাব পশুর মতো বর্বর ও উচ্ছৃঙ্খল। সে কেবল ভোগবিলাস চায়। সে বড় লোভী। এই 'আমি'-কে জয় করিতে হইবে। তবেই তোমার জীবন সার্থক ও সুন্দর হইয়া উঠিবে।

(খ) **সারমর্ম লেখ:**

পরের মুখে শেখা বুলি পাখির মত কেন বলিস?
পরের ভঙ্গি নকল করে নটের মত কেন চলিস?
তোর নিজস্ব সর্বাঙ্গে তোর দিলেন বিধাতা আপন হাতে,
মুছে সেটুকু বাজে হলি, গৌরব কি বাড়ল তাতে?
আপনারে যে ভেঙেচুরে গড়াতে চায় পরের ছাঁচে,
অলীক, ফাঁকি, মেকি সেজন, নামটা তার কদিন বাঁচে?
পরের চুরি ছেড়ে দিয়ে আপন মাঝে ডুবে যারে
খাঁটি ধন যা' সেথায় পাবি, আর কোথাও পাবি নারে।

৪. **যেকোনো একটি ভাবসম্প্রসারণ করো:** ১০

(ক) অর্থ-সম্পদের বিনাশ আছে, কিন্তু জ্ঞান-সম্পদ কখনো বিনষ্ট হয় না।

অথবা, (খ) বিশ্রাম কাজের অঙ্গ একসাথে গাঁথা
নয়নের অংশ যেন নয়নের পাতা।

৫. (ক) তোমার এলাকায় বৃক্ষরোপণ সপ্তাহ উদ্‌যাপনের ওপর একটি প্রতিবেদন প্রণয়ন করো। ১০

(খ) নিত্য-প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধির কারণ ও প্রতিকার সম্বন্ধে একটি প্রতিবেদন রচনা করো।

৬. **যেকোনো একটি বিষয়ে রচনা লেখো:** ২০

(ক) অধ্যবসায়

(খ) কম্পিউটার : বিজ্ঞানের বিস্ময়

(গ) পরিবেশ দূষণ ও প্রতিকার

Teachingbd.com

## এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলা দ্বিতীয় পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা বিষয় কোড: | ১ | ০ | ২ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. 'ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি'— তাঁকে এককথায় কী বলা হয়?
ক) ইতিহাসবেত্তা খ) ঐতিহাসিক
গ) ইতিহাস স্রষ্টা ঘ) ইতিহাস রচয়িতা

২. 'চৌ-হদ্দি'— মিশ্র শব্দটি কোন কোন ভাষার শব্দের মিলনে গঠিত হয়েছে?
ক) হিন্দি + আরবি খ) ফারসি + আরবি
গ) বাংলা + ফারসি ঘ) তৎসম + ফরাসি

৩. অঘোষ অল্পপ্রাণ ও ঘোষ অল্পপ্রাণ তালব্য ধ্বনির পরে নাসিক্য ধ্বনি তালব্য ধ্বনি হয়। এর উদাহরণ কোনটি?
ক) তৎ + রূপ = তদ্রূপ
খ) সম্ + তাপ = সন্তাপ
গ) রাজ্ + নী = রাজ্ঞী
ঘ) তদ্ + কাল = তৎকাল

৪. 'ঝিরঝির করে বাতাস বইছে'—এখানে দ্বিরুক্ত শব্দটি কোন অর্থ প্রকাশ করছে?
ক) ভাবের গভীরতা খ) সামান্যতা
গ) পৌনঃপুনিকতা ঘ) ধ্বনিব্যঞ্জনা

৫. উচ্চারণস্থান অনুযায়ী কোন ব্যঞ্জনধ্বনির বর্ণসমূহ তালব্য বর্ণ?
ক) প ফ ব ভ ম খ) ক খ গ ঘ ঙ
গ) চ ছ জ ঝ ঞ শ য য় ঘ) ট ঠ ড ঢ ণ র ড় ঢ়

৬. পদ সংস্থাপনার ক্রম অনুসারে 'না' অব্যয়টি কোথায় বসে?
ক) সমাপিকা ক্রিয়ার পূর্বে
খ) সমাপিকা ক্রিয়ার পরে
গ) অসমাপিকা ক্রিয়ার পরে
ঘ) বিশেষণের পরে

৭. কোনটি স্বভাবতই মূর্ধন্য 'ষ'-এর উদাহরণ?
ক) কাষ্ঠ খ) বিষয়
গ) কৃষক ঘ) ষড়যন্ত্র

৮. বাংলা ভাষার তারিখবাচক শব্দগুলোর প্রথম চারটি কোন ভাষার নিয়মে সাধিত হয়?
ক) সংস্কৃত খ) ফারসি
গ) হিন্দি ঘ) ইংরেজি

৯. 'সন্ধি' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
ক) ভাষাতত্ত্বে খ) ধ্বনিতত্ত্বে
গ) রূপতত্ত্বে ঘ) বাক্যতত্ত্বে

১০. কোনটি নিত্য স্ত্রীবাচক বাংলা শব্দ?
ক) সতীন খ) বিধাত্রী
গ) সপত্নী ঘ) বিপত্নী

১১. 'কাটিতে কাটিতে ধান এল বরষা'— এ বাক্যের অসমাপিকা ক্রিয়া কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) সমকাল খ) নিরন্তরতা
গ) সমাপ্তি ঘ) সূচনা

১২. 'আমার জ্বরজ্বর লাগছে' কোন শব্দের উদাহরণ?
ক) দ্বিরুক্ত শব্দ খ) দেশি শব্দ
গ) তদ্ভব শব্দ ঘ) তৎসম শব্দ

১৩. বাংলা ভাষায় মাত্রাহীন বর্ণ কয়টি?
ক) ৭টি খ) ৮টি
গ) ১০টি ঘ) ৯টি

১৪. 'রাজ্ঞী'-এর সন্ধি বিচ্ছেদ নিচের কোনটি?
ক) রাজ্ + নী খ) রাগ + গী
গ) রাজন + গী ঘ) রাজা + গি

১৫. 'যা কিছু হারায় গিন্নী বলেন, কেষ্ট বেটাই চোর'— এখানে 'হারায়' কোন ধাতু?
ক) নাম ধাতু
খ) সংযোগমূলক ধাতু
গ) কর্মবাচ্যের ধাতু
ঘ) ভাববাচ্যের ধাতু

১৬. 'শরতের পরে আসে বসন্ত'— বাক্যটিতে 'পরে' অনুসর্গটি যে অর্থ প্রকাশ করছে —
ক) বিরতি খ) অবধি
গ) স্বল্প বিরতি ঘ) দীর্ঘ বিরতি

১৭. মৌলিক ধাতুর সঙ্গে 'আ' প্রত্যয় যোগে কোন ধাতু সাধিত হয়?
ক) সংযোগমূলক ধাতু খ) মৌলিক ধাতু
গ) বিদেশি ধাতু ঘ) সাধিত ধাতু

১৮. কোন সমাসে সাধারণ ধর্মের উল্লেখ থাকে?
ক) উপমান কর্মধারয় সমাসে
খ) উপমিত কর্মধারয় সমাসে
গ) রূপক কর্মধারয় সমাসে
ঘ) মধ্যপদলোপী কর্মধারয় সমাসে

Teachingbd.com

১৯. প্রত্যক্ষ উক্তির কালসূচক শব্দের 'গতকাল' শব্দটি পরোক্ষ উক্তিতে কীরূপে পরিবর্তিত হবে?
ক) পূর্বদিন খ) সেদিন
গ) আগের দিন ঘ) গতকল্য

২০. কোন চারটি উপসর্গ তৎসম শব্দেও পাওয়া যায়?
ক) অ, অজ, অনা, আ খ) সু, বি, নি, আ
গ) কু, ইতি, রাম, আ ঘ) সা, আন, আব, আ

২১. যে প্রত্যয় নির্দিষ্টতা বোঝায় তার নাম কী?
ক) সংখ্যা খ) পদাশ্রিত নির্দেশক
গ) লিঙ্গ ঘ) উপসর্গ

২২. কেবল অপ্রাণিবাচক বহুবচনের প্রত্যয় কোনটি?
ক) ফুল খ) মালা/রাজি
গ) সমাজ ঘ) মণ্ডল

২৩. 'মুক্ত' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?
ক) √মু + ক্ত খ) √মুক্ + ত
গ) √মুহ + ক্ত ঘ) √মুচ্ + ক্ত

২৪. 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর'— 'টাপুর টুপুর' কোন পদ?
ক) বিশেষ্য খ) ক্রিয়া
গ) অব্যয় ঘ) সর্বনাম

২৫. যে শব্দ প্রত্যয় বা উপসর্গযোগে মূল শব্দের অর্থের অনুগামি না হয়ে অন্য কোনো বিশিষ্ট অর্থজ্ঞাপন করে তাকে কী বলে?
ক) যৌগিক শব্দ খ) রূঢ়ি শব্দ
গ) যোগরূঢ় শব্দ ঘ) মৌলিক শব্দ

২৬. অপরিবর্তনীয় শব্দকে কোন পদ বলে?
ক) অব্যয় পদ খ) ক্রিয়াপদ
গ) সর্বনাম পদ ঘ) অনুক্ত ক্রিয়াপদ

২৭. 'বৈজ্ঞানিক' শব্দটিতে কী অর্থে ষ্ণিক প্রত্যয় যুক্ত হয়েছে?
ক) দক্ষ বা বেত্তা অর্থে খ) বিষয়ক অর্থে
গ) ভাবার্থে ঘ) বিশেষণ গঠনে

২৮. সম্বোধন পদের পরে যে চিহ্নটি ব্যবহৃত হয় তার নাম কী?
ক) দাঁড়ি খ) কোলন
গ) সেমিকোলন ঘ) কমা

২৯. তৎসম পুরুষবাচক শব্দের পরে আ, ঈ, আনী, নী, ইকা প্রভৃতি প্রত্যয় যোগে কোন শব্দ গঠিত?
ক) পুরুষবাচক শব্দ খ) সংখ্যাবাচক শব্দ
গ) 'গোটা' বচনবাচক শব্দ ঘ) স্ত্রীবাচক শব্দ

৩০. 'ওখানে যাস না'— কোন অর্থে অনুজ্ঞার ব্যবহার হয়েছে?
ক) আদেশ খ) উপদেশ
গ) অনুরোধ ঘ) বিধান

৩১. 'ইঁদুর কপালে'-এর বিপরীত বাগ্‌ধারা কোনটি?
ক) অদৃষ্টের পরিহাস
খ) একাদশে বৃহস্পতি
গ) অন্ধকার লেখা
ঘ) কেউ ফেরৎ

৩২. কোনটি করণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ?
ক) পরীক্ষায় নকল করা ভালো নয়
খ) ফুল তুলতে এলেম বনে
গ) পাখিকে ঢিল মারলে কেন
ঘ) রাত শেষ হয়ে এল

৩৩. 'ন্যাকামিটা এখন রাখো'— বাক্যে 'ন্যাকামি' শব্দের সঙ্গে 'টা' যুক্ত হয়ে কোন অর্থ প্রকাশ করেছে?
ক) নিরর্থকতা খ) সার্থকতা
গ) দ্ব্যর্থকতা ঘ) ভিন্নার্থকতা

৩৪. বিভক্তিহীন নাম শব্দকে কী বলে?
ক) প্রাতিপদিক খ) বিদেশি শব্দ
গ) দেশি শব্দ ঘ) সাধিত শব্দ

৩৫. 'বাঘে-মহিষে এক ঘাটে জল খায়'— 'বাঘে-মহিষে' কর্তৃকারকের প্রকারভেদে কোন কর্তার উদাহরণ?
ক) মুখ্য কর্তা খ) প্রযোজ্য কর্তা
গ) ব্যতিহার কর্তা ঘ) ভাববাচ্যের কর্তা

৩৬. কোন বাচ্যের ক্রিয়াপদ সর্বদাই নাম/প্রথম পুরুষের হয়?
ক) কর্তৃবাচ্যের খ) কর্মবাচ্যের
গ) ভাববাচ্যের ঘ) কর্মকর্তৃবাচ্যের

৩৭. 'নীল যে পদ্ম = নীলপদ্ম'— কোন সমাস?
ক) দ্বিগু সমাস খ) প্রাদি সমাস
গ) বহুব্রীহি সমাস ঘ) কর্মধারয় সমাস

৩৮. 'সাতাশ হতো যদি এক শ সাতাশ'— এখানে 'হতো' কোনো কালের ক্রিয়া?
ক) নিত্যবৃত্ত অতীত খ) সাধারণ অতীত
গ) পুরাঘটিত অতীত ঘ) পুরাঘটিত বর্তমান

৩৯. 'তোমাকে আজই যেতে হবে' – এটা কী ধরনের বাক্য?
ক) বিস্ময়সূচক খ) আদেশসূচক
গ) প্রার্থনামূলক ঘ) বিবৃতিমূলক

৪০. পরের ই-কার ও উ-কার আগে উচ্চারিত হলে তাকে কী বলে?
ক) বিপ্রকর্ষ খ) ধ্বনি বিপর্যয়
গ) অভিশ্রুতি ঘ) অপিনিহিতি

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | খ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | খ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | খ |
| | ২১ | খ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | খ | ৩১ | খ | ৩২ | গ | ৩৩ | ক | ৩৪ | ক | ৩৫ | গ | ৩৬ | গ | ৩৭ | ঘ | ৩৮ | ক | ৩৯ | খ | ৪০ | ঘ |

Teachingbd.com